



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
জীবন বীমা কর্পোরেশন  
উন্নয়ন পরিসংখ্যান ও ব্যবসা পর্যালোচনা  
[www.jbc.gov.bd](http://www.jbc.gov.bd)  
২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

নম্বর: ৫৩.১৯.০০০০.৬০২.৫২.০০১.২১.২৯

তারিখ: ১৪ বৈশাখ ১৪২৮  
২৭ এপ্রিল ২০২১

### অফিস আদেশ

জীবন বীমা কর্পোরেশনের এজেন্ট ট্রান্সফারের ক্ষেত্রে সম্প্রতি লক্ষ্যকরা যাচ্ছে যে, যৌক্তিক কারণ ছাড়াই এক ডিও সংগঠন থেকে অন্য ডিও সংগঠনে এজেন্ট ট্রান্সফার করা হচ্ছে। এজেন্ট ট্রান্সফার সংক্রান্ত ১৫-০৭-১৯৯৫ খ্রিঃ তারিখের জীবিক/উন্নয়ন/৪৪/১৪৯৫/৯৫ সংখ্যক পত্রের নির্দেশনানুযায়ী “বিশেষ কারণ না থাকলে ১(এক) বৎসরে কেবল মাত্র একবার এজেন্ট ট্রান্সফার করা যেতে পারে।”

২.০ উক্ত নির্দেশনার অপব্যবহার করে উদ্দেশ্য প্রণোদিতভাবে এক ডিও এর কোটা পূরণ করে একই এজেন্ট অন্য ডিও এর সাথেও ব্যবসা করছে যা নিয়ম বহির্ভূত এবং কোনভাবেই গ্রহণযোগ্য নয়। এ ধরনের কার্যক্রম সক্রিয় এজেন্ট নিয়োগের মাধ্যমে কর্পোরেশনের ব্যবসায় বৃদ্ধি ও সংগঠন সম্প্রসারণের সম্পূর্ণ পরিপন্থি।

৩.০ কর্পোরেশনের ব্যবসায় বৃদ্ধি ও সক্রিয় জনবলের মাধ্যমে সংগঠন সম্প্রসারণের স্বার্থে রিজিওন এবং কর্পোরেট অফিসসমূহকে এজেন্ট ট্রান্সফার সংক্রান্ত নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

- অনিবার্য/যৌক্তিক কারণ থাকলে কোন পঞ্জিকা বছরে কেবল একবার এজেন্ট ট্রান্সফার করা যেতে পারে।
- কোন এজেন্ট একই পঞ্জিকা বছরে একাধিক ডিও এর অধীন ব্যবসা করতে পারবে না (সংশ্লিষ্ট ডিও এর মৃত্যু/অবসর/অব্যাহতি ব্যতীত)।
- কোনভাবেই এ নির্দেশনার ব্যত্যয় ঘটানো যাবে না।

৪.০ কর্তৃপক্ষের নির্দেশক্রমে কর্পোরেশনের স্বার্থে এ আদেশ জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

২৯-৪-২০২১

আবুল ফাতাহ মোঃ বালিগুর রহমান  
জেনারেল ম্যানেজার-উন্নয়ন

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) রিজিওনাল ইনচার্জ (সকল)

২) জেনারেল ম্যানেজার (সকল)

৩) কর্পোরেট ইনচার্জ (সকল)

৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, জীবন বীমা কর্পোরেশন-অফিস আদেশটি কর্পোরেশনের ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ।

৫) ডিএম (পিএস টু এম ডি), ম্যানেজিং ডাইরেক্টর এর দপ্তর-ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য।

৬) সেলস অফিস (সকল)-সংশ্লিষ্ট শাখা অফিসসমূহকে অবহিত করণের অনুরোধসহ।

৭) সংশ্লিষ্ট ফাইল

৮) মাস্টার ফাইল

signature

২৯-৪-২০২১

মোঃ ভিখারুল আলম

ম্যানেজার